অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান থেকে প্রত্যাহার করা এবং আপনার জন্য এর অর্থ কী

16 বছর বয়স পূরণ করার দিকে এগিয়ে যাওয়ার পাশাপাশি আপনি হয়তো কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়ে বিবেচনা করছেন, যেমন পড়াশোনা বা চাকরি। আপনি হয়তো এক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার কথা নিয়ে বিবেচনা করতে চাইতে পারেন, এবং তা হচ্ছে যে আপনি একজন অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দাতা হতে চান কিনা।

এই চিঠির উদ্দেশ্য হচ্ছে আপনাকে স্কটল্যান্ডে অঙ্গ-প্রত্যঙ্গ দান সম্পর্কিত প্রযোজ্য আইনের বিষয়ে অবহিত করা, যেটা 16 বছর বয়স থেকে প্রযোজ্য হয়, এবং এই ক্ষেত্রে আপনার কাছে কী কী বিকল্প আছে। এই আইনটি ‘বিবেচিত অনুমোদন’ (deemed authorisation) সিস্টেম হিসেবে জ্ঞাত। প্রায়শই এটাকে ‘প্রত্যাহার করার’ (opt-out) সিস্টেম হিসেবে সম্বোধন করা হয় এবং এর মানে হল যে যদি আপনি দান করার বিকল্প থেকে প্রত্যাহার না করে থাকেন, তাহলে মরণোত্তর আপনাকে একজন সম্মত দাতা হিসেবে গণ্য করা হব।

আপনি একজন দাতা হতে চান কিনা সেই ব্যাপারে আপনার কাছে একটি বিকল্প আছে। আপনি পরবর্তী পৃষ্ঠায় আপনার বিকল্পগুলোর বিষয়ে আরও বিস্তারিত তথ্য পেতে পারেন। আপনার সিদ্ধান্ত রেকর্ড না করা পর্যন্ত আপনার নাম NHS Organ Donor Register (ODR)- এ তালিকাভুক্ত করা হবে না, সুতরাং আপনি একজন দাতা হতে চান বা দান করা থেকে প্রত্যাহার করতে চান, তা আপনার ODR-এ রেকর্ড করা উচিত। তার পাশাপাশি এটাও গুরুত্বপূর্ণ যে আপনি যেন আপনার মাতা-পিতা/অভিভাবক, পরিবার, বন্ধু বা আপনার সবচেয়ে কাছের মানুষকে আপনার সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করেন, যাতে তারা যেন আপনার ইচ্ছা সম্পর্কে সচেতন থাকেন কেননা আপনার ইচ্ছার মান রাখা হয়, তা নিশ্চিত করার ক্ষেত্রে তারা সাহায্য করতে পারেন।

NHS Organ Donor Register -এ আপনার সিদ্ধান্ত রেকর্ড করা

আপনি **www.organdonationscotland.org** - এ **অনলাইন যেতে পারেন বা** 0300 123 23 23 নম্বরে কল করুন। আপনার ফোন প্রদানকারীর উপর নির্ভর করে কলগুলোকে আপনার লোকাল কল হার অনুসারে চার্জ করা হবে।

অথবা, NHS Blood & Transplant, FREEPOST RRZKSHUX-SBCK, NHSBT, Fox Den Road, Stoke Gifford, Bristol, BS34 8RR ঠিকানায় লিখিত যোগাযোগের মাধ্যমে আপনি একটি **রেজিস্ট্রেশন ফরম** পাঠানোর অনুরোধ জানাতে পারেন। অনুগ্রহ করে আপনার যোগাযোগে আপনার পুরো ডাক ঠিকানা অন্তর্ভুক্ত করবেন।

এই চিঠির অন্যান্য ফরম্যাট এবং অ্যাক্সেসযোগ্য রেজিস্ট্রেশন

এই চিঠিটি সহজ পঠন, ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ, ব্রেইল, অডিও এবং বড় মুদ্রণে উপলব্ধ রয়েছে। এটার একাধিক ভাষায় অনুবাদ ও করা হয়েছে। একটি অ্যাক্সেসযোগ্য ফরম্যাটে এই চিঠি গ্রহণ করার অনুরোধ জানানোর জন্য **www.organdonationscotland.org/resources** দেখুন অথবা উপরে বর্ণিত যোগাযোগের তথ্য ব্যবহার করুন।

আপনার দান সম্পর্কিত সিদ্ধান্ত রেজিস্টার করার জন্য আপনি **টেক্সট চ্যাট:** 07860 034343 বা **টেক্সট রিলে করতে পারেন:** 18001 0300 1232323। আপনি **ContactSCOTLAND-BSL www.contactscotland-bsl.org** এর সঙ্গে ও যোগাযোগ করতে পারেন যেখানে একজন **ভিডিও দোভাষী** কলগুলোকে রিলে করতে পারেন।

আপনার জ্ঞাতার্থে, এই চিঠি পাঠানোর উদ্দেশ্য Scottish Government-এর কাছে আপনার ব্যক্তিগত ডেটা অবদি কোনও অ্যাক্সেস নেই। এই চিঠির বিতরণে সাহায্য করার জন্য আমরা NHS National Services Scotland এই

নিকট অনুরোধ জানিয়েছি, কেননা তারাই এই ডেটা নিয়ন্ত্রণ ও রক্ষা করেন। এই বিষয়ে আপনি **www.nhsnss.org/services/practitioner/data-protection** থেকে আরও তথ্য পেতে পারেন।

অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান এবং প্রতিস্থাপন নীতি টিম

আইন কাকে প্রভাবিত করবে

এই আইনটি 16 বছর এবং তার চেয়ে বেশি বয়সী সকল লোকের ক্ষেত্রে প্রযোজ্য, বাদে এমন কোনও ব্যক্তি যিনি মৃত্যুর সময়ে 12 মাসের চেয়ে কম সময় ধরে স্কটল্যান্ডে বসবাস করছিলেন, বা এমন কোনও ব্যক্তি যিনি আইনটিকে বুঝতে পারবেন না, উদাহরণস্বরূপ, শিক্ষামূলক প্রতিবন্ধিতা আছে এমন কোনও লোক। এর সত্ত্বেও এই গোষ্ঠীতে অন্তর্ভুক্ত লোক তাদের সিদ্ধান্ত রেজিস্টার করতে পারেন, তবে তারা যদি তা না করেন এবং তাদের মৃত্যু যদি এমন কোনও পরিস্থিতিতে হয় যেখানে তাদের অঙ্গ-প্রত্যঙ্গ দান করা সম্ভব হয়, তাহলে সেক্ষেত্রে তাদের পরিবারকে দান সম্পর্কে একটি সিদ্ধান্ত গ্রহণ করতে বলা হবে।

আপনার সিদ্ধান্ত

আপনার সিদ্ধান্ত যাই হোক – তা দাতা হওয়া হোক বা দান থেকে প্রত্যাহার করা হোক, আপনার নিজের মাতা-পিতা/ অভিভাবক এবং পরিবারকে সেই বিষয়ে অবহিত করা উচিত যাতে তারা যেন আপনার ইচ্ছা সম্পর্কে অবহিত থাকেন। আপনি দান করতে চান কিনা সেই সম্পর্কে যদি আপনি নিশ্চিত না হন, তাহলে সেই বিষয়ে আপনার মাতা-পিতা/অভিভাবক, বিশ্বস্ত প্রাপ্তবয়স্ক এবং বন্ধুদের সঙ্গে আলোচনা করলে হয়তো আপনার সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সাহায্য হবে।

আপনার পছন্দ

জনসংখ্যার শুধুমাত্র 1% লোকের মৃত্যু এমন ভাবে হয় যাতে অঙ্গ-প্রত্যঙ্গ দান করা সম্ভব হয়, সুতরাং দান করার প্রত্যেকটি সুযোগ অত্যন্ত মূল্যবান। দান করা একটি ব্যক্তিগত সিদ্ধান্ত এবং আপনি দান করতে চান কিনা তা নির্বাচন করার অধিকার আপনার কাছে আছে। আপনি যে কোনও সময় আপনার সিদ্ধান্ত বদলাতে পারেন। এগুলি আপনার পছন্দ:

আপনি NHS Organ Donor Register-এ দান করা থেকে প্রত্যাহার করার আপনার সিদ্ধান্ত রেকর্ড করতে পারেন

- এর মানে হল যে আপনি সকল অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান করার বিকল্প থেকে প্রত্যাহার করছেন।

আপনি যদি দাতা হতে চান, তাহলে আপনি NHS Organ Donor Register-এ আপনার সিদ্ধান্ত রেকর্ড করতে পারেন

- এমনটি করে, আপনি আপনার পরিবারের জন্য পরিস্থিতি আরও সহজ করে দিবেন এবং নিশ্চিত করতে সাহায্য করবেন যে আপনার দান করার সিদ্ধান্তের যেন মান রাখা হয়।
- আপনি যদি কিছু ধরণের অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দান করতে রাজী হন, তবে অন্যান্যগুলো দান করতে চান না তাহলে আপনার সিদ্ধান্ত রেকর্ড করার সময় আপনি আপনার পছন্দগুলোকে স্পষ্টভাবে উল্লেখ করতে পারেন।
- একজন দাতা হওয়ার আপনার সিদ্ধান্ত রেকর্ড করার মানে এই যে আপনি কিছু নির্দিষ্ট চিকিৎসাগত পরীক্ষা এবং পদ্ধতিগুলোর জন্য ও সম্মত হন যা হয়তো দান করার প্রক্রিয়ার একটি অংশ হিসেবে আপনার মৃত্যুর আগে পরিচালিত করা যেতে পারে, যেমন ধরুন রক্ত বা মূত্রের নমুনা নেওয়া বা এক্স-রে/আলট্রাসাউন্ড স্ক্যান ইত্যাদি। এগুলোকে পরিচালিত করার আগে বিশেষজ্ঞ নার্সেরা আপনার পরিবারের সঙ্গে কথা বলবেন। আপনি **www.organdonationscotland.org/testsandprocedures** থেকে আরও জানতে পারেন।
- NHS Organ Donor Register-এ আপনি রেকর্ড করতে পারেন যে আপনার আস্থা বা ধর্মীয় বিশ্বাসগুলো গুরুত্বপূর্ণ কিনা এবং আপনার পরিবারের সঙ্গে দান করার বিষয়ে আলোচনা করার সময় এই বিষয় নিয়ে ও বিবেচনা করা হবে।

আপনি যদি কিছুই না করেন এবং NHS Organ Donor Register-এ আপনার সিদ্ধান্ত রেকর্ড না করেন

আপনি যদি কিছুই না করার সিদ্ধান্ত নেন, তাহলে NHS Organ Donor Register-এ আপনার নাম অন্তর্ভুক্ত থাকবে না এবং আপনার জন্য কোনও সিদ্ধান্ত রেকর্ড করা হবে না। এর অর্থ হল যে:

- অনুমান করা হবে যে আপনি প্রতিস্থাপনের জন্য কিছু নির্দিষ্ট অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান করার জন্য সম্মত হয়েছেন।
- আপনার ইচ্ছার বিরুদ্ধে যাতে দান না করা হয় তা নিশ্চিত করার জন্য আপনার পরিবার এবং বন্ধুদেরকে আপনার সম্প্রতি মতামত জিজ্ঞাসা করা হবে।
- তার মানে এও হবে যে আপনি কিছু নির্দিষ্ট চিকিৎসাগত পরীক্ষা এবং পদ্ধতি পরিচালিত করার জন্য নিজের সম্মতি দিচ্ছেন এবং এগুলোকে দান করার প্রক্রিয়ার একটি অংশ হিসেবে আপনার মৃত্যুর আগে পরিচালিত করা যেতে পারে, যেমন ধরুন রক্ত বা মূত্রের নমুনা বা এক্স-রে/আলট্রাসাউন্ড স্ক্যান ইত্যাদি। এগুলোকে পরিচালিত করার আগে বিশেষজ্ঞ নার্সেরা আপনার পরিবারের সঙ্গে কথা বলবেন। আপনি **www.organdonationscotland.org/testsandprocedures** থেকে আরও জানতে পারেন।

আপনি এই **www.organdonationscotland.org/information-leaflet** তথ্যের লিফলেট পড়ে অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান দেওয়ার সিস্টেম থেকে প্রত্যাহার করা এবং আপনি যদি দাতা হন তাহলে কী হবে সেই বিষয়ে আরও জানতে পারেন।

আপনার জন্য অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান করার সিস্টেম থেকে প্রত্যাহার করার অর্থ কী তা বোঝার জন্য যদি আপনার, বা আপনার মাতা-পিতা/অভিভাবক কিংবা পরিবারের আরও সহায়তার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে **0300 123 23 23** নম্বরে কল করুন।